

১০০/- (একশত) টাকা মূল্যমান বাংলাদেশ প্রাইজবন্ডের ১১৩তম 'ড্র'-এর ফলাফল।

অদ্য ১৫ কার্তিক, ১৪৩০ বঙ্গাব্দ/৩১ অক্টোবর, ২০২৩ খ্রিস্টাব্দ তারিখে ঢাকা বিভাগের বিভাগীয় কমিশনার জনাব মোঃ সাবিরুল ইসলাম-এর সভাপতিত্বে ঢাকা বিভাগীয় কমিশনার কার্যালয়ের সম্মেলন কক্ষে ১০০/- (একশত) টাকা মূল্যমান বাংলাদেশ প্রাইজবন্ডের ১১৩তম 'ড্র' অনুষ্ঠিত হয়। একক সাধারণ পদ্ধতিতে (অর্থাৎ প্রত্যেক সিরিজের জন্য একই নম্বর) এই 'ড্র' পরিচালিত হয় এবং বর্তমানে প্রচলনযোগ্য ১০০/- (একশত) টাকা মূল্যমানের ৭৫(পঁচাত্তর)টি সিরিজ যথা-কক, কখ, কগ, কঘ, কঙ, কচ, কছ, কজ, কঝ, কঞ, কট, কঠ, কড, কঢ়, কথ, কদ, কন, কপ, কফ, কব, কম, কল, কশ, কষ, কস, কহ, খক, খখ, খগ, খঘ, খঙ, খচ, খছ, খজ, খঝ, খঞ, খট, খঠ, খড, খঢ়, খথ, খদ, খন, খপ, খফ, খব, খম, খল, খশ, খষ, খস, খহ, গক, গখ, গগ, গঘ, গঙ, গচ, গছ, গজ, গঝ, গঞ, গট, গঠ, গড, গঢ়, গথ, গদ, গন, গফ, গব, গম, গল, গষ এবং গপ এই 'ড্র'-এর আওতাভুক্ত। উপর্যুক্ত সিরিজ সমূহের অন্তর্ভুক্ত ৪৬ (ছেচল্লিশ)টি সাধারণ সংখ্যা পুরস্কারের যোগ্য বলিয়া ঘোষিত হয় এবং নিম্নবর্ণিত সংখ্যার প্রাইজবন্ডগুলি সাধারণভাবে প্রত্যেক সিরিজের ক্ষেত্রে পুরস্কারের যোগ্য বলিয়া বিবেচিত হয়। উদাহরণস্বরূপ: প্রাইজবন্ডের যে সংখ্যা প্রথম পুরস্কারের জন্য ঘোষিত হইয়াছে, সেই সংখ্যার প্রাইজবন্ড উল্লিখিত প্রতিটি সিরিজের প্রথম পুরস্কারের যোগ্য বলিয়া বিবেচিত হইবে। অনুরূপভাবে ২য়, ৩য়, ৪র্থ ও ৫ম পুরস্কারের জন্য ঘোষিত সংখ্যাও তাহাদের মান অনুযায়ী প্রতিটি সিরিজের ক্ষেত্রে পুরস্কার পাওয়ার যোগ্য। উল্লেখ্য, 'ড্র'-এর নির্ধারিত তারিখ হইতে ৬০ (ষাট) দিন পূর্বে (বিক্রয়ের তারিখ ধরিয়া এবং 'ড্র'-এর তারিখ বাদ দিয়া) যে সমস্ত প্রাইজবন্ড বিক্রয় হইয়াছে, সেইগুলি এই 'ড্র'-এর আওতায় আসিবে। প্রসঙ্গত, আয়কর অধ্যাদেশ-১৯৮৪-এর ৫৫ ধারার নির্দেশনা অনুযায়ী ১ জুলাই, ১৯৯৯ হইতে প্রাইজবন্ড পুরস্কারের অর্থ হইতে ২০% হারে উৎসে কর কর্তন করিবার বিধান রহিয়াছে।

১০০/- (একশত) টাকা মূল্যমান বাংলাদেশ প্রাইজবন্ডসমূহের বিভিন্ন পুরস্কারের বিস্তারিত বিবরণ নিম্নে দেওয়া হইল:-

| | | |
|---|-----------------------------|------------------------------------|
| ৭৫ টি | টাক ৬,০০,০০০ মানের পুরস্কার | প্রতি সিরিজের জন্য ১ টি |
| ৭৫ টি | টাক ৩,২৫,০০০ মানের পুরস্কার | প্রতি সিরিজের জন্য ১ টি |
| ১৫০ টি | টাক ১,০০,০০০ মানের পুরস্কার | প্রতি সিরিজের জন্য ২ টি |
| ১৫০ টি | টাক ৫০,০০০ মানের পুরস্কার | প্রতি সিরিজের জন্য ২ টি |
| ৩০০০ টি | টাক ১০,০০০ মানের পুরস্কার | প্রতি সিরিজের জন্য ৪০ টি |
| সর্বমোট ৩,৪৫০ (তিন হাজার চারশত পঞ্চাশ)টি পুরস্কার | | প্রতি সিরিজের জন্য ৪৬ (ছেচল্লিশ)টি |

উক্ত 'ড্র'-তে ০০০০০০১ হইতে ১০,০০,০০০ ক্রম সংখ্যার অন্তর্ভুক্ত প্রাইজবন্ডসমূহ হইতে নিম্নলিখিত ৪৬টি সাধারণ সংখ্যা পুরস্কারের জন্য ঘোষিত হইয়াছে:-

| | | |
|--------------|----------------|---------|
| ১ম পুরস্কার | টাক ৬,০০,০০০/= | ০৮৫৮৭১৯ |
| ২য় পুরস্কার | টাক ৩,২৫,০০০/= | ০৭২৬২০১ |

৩য় পুরস্কার: প্রতিটি ১,০০,০০০/= টাকার; মোট ২টি।

| | |
|---------|---------|
| ০৭২৪৪৯১ | ০৭৬৬৯০৪ |
|---------|---------|

৪র্থ পুরস্কার: প্রতিটি ৫০,০০০/= টাকার; মোট ২টি।

| | |
|---------|---------|
| ০৬২৮১৪৫ | ০৭৬৭৪৩৯ |
|---------|---------|

৫ম পুরস্কার: প্রতিটি ১০,০০০/= টাকার; মোট ৪০টি।

| | | | | |
|---------|---------|---------|---------|---------|
| ০০৩৫৮৮৬ | ০১৯৪৭৮৭ | ০৪৫০৩৫৬ | ০৬৩৬০৫৩ | ০৮০৭৬২৯ |
| ০০৩৬৩৬৯ | ০২৩৭৩৯৬ | ০৪৬৩৭৪৮ | ০৬৫৮৩৮২ | ০৮৩৯৫৪১ |
| ০০৫২০৪২ | ০২৬৮২৭৩ | ০৫৩৭২৩৯ | ০৬৮০২১৭ | ০৮৬০৫৮১ |
| ০০৯০৬৪৯ | ০২৭০৬৪১ | ০৫৬৭২০০ | ০৭১৩৬৬৩ | ০৯০৮৮৬২ |
| ০১১৯২১২ | ০২৮৩২১০ | ০৬০৯৩৪৪ | ০৭৩২৭৮৩ | ০৯৪৮৫১৯ |
| ০১২০৮৫৯ | ০৩৪১৮৭৩ | ০৬১৩৯৯০ | ০৭৪৩০৯১ | ০৯৭৮১৯৯ |
| ০১৬২৫৩৪ | ০৩৪৩৪২০ | ০৬১৪৬৬৯ | ০৭৪৪৫৩৩ | ০৯৮৯৪৮০ |
| ০১৬৯৬৯৩ | ০৪৪২৪৭৫ | ০৬৩১২৪৭ | ০৭৭২৬৩৯ | ০৯৯১৭১২ |



(মোঃ এমদাদুল হক)

পরিচালক

ও

সচিব

প্রাইজবন্ড 'ড্র' কমিটি।